

পরিবর্তন

‘৬ বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জেডার সমতা আসবে’

পরিবর্তন প্রতিবেদক / ১২:১৭ অপরাহ্ন, জানুয়ারি ২০, ২০১৮



আগামী তিন বছরের মধ্যে উচ্চ মাধ্যমিক এবং ৬ বছরের মধ্যে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ভর্তির ক্ষেত্রে জেডার সমতা আসবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শনিবার সকালে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) মাদানি এভিনিউস্থ স্থায়ী ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।

শিক্ষামন্ত্রী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে এই সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

শিক্ষামন্ত্রী বলেন, ‘বাংলাদেশের উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিতকরণ এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার জন্য সরকার এই সেক্টরকে সর্বাধিক তদারকি করছে।’

তিনি বলেন, ‘আমরা সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের মধ্যে কোনো পার্থক্য করি না। তারা সবাই আমাদের সন্তান ও জাতির ভবিষ্যত।’

নাহিদ বলেন, ‘এখনো কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারিনি। এভাবে তাদের বেশি দিন চলতে দেওয়া হবে না।’

তিনি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর সংশ্লিষ্টদের ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষার জন্য এগিয়ে আসার আহ্বান জানান।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান তার বক্তব্যে শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের আত্মনিয়োগ করার আহ্বান জানান।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান সুসুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি, বিশেষ অতিথি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয় ডিন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রেজা।

এএম/আইএম

প্রধান সম্পাদক : মোঃ আহসান হাবীব

Poriborton

Bashati Horizon, Apartment # 9-A, House # 21, Road # 17, Banani, Dhaka 1213 BD

Phone: +88 029821191, +88 01779284699

Website: <http://www.poriborton.com>

Email: report@poriborton.com

editor@poriborton.com